

■ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০: ৪৩

আরবি মূল আয়াত:

إِنَّا نَحِنُ نُحِي وَ نُمِيتُ وَ إِلَينَا المَصِيرُ ﴿ ٢٣﴾

🗚 অনুবাদসমূহ:

আমিই জীবন দেই এবং আমিই মৃত্যু ঘটাই, আর আমার দিকেই চূড়ান্ত প্রত্যাবর্তন। — আল-বায়ান আমিই জীবন দেই, আমিই মৃত্যু দেই, আর আমার কাছেই (সব্বাইকে) ফিরে আসতে হবে। — তাইসিরুল আমিই জীবন দান করি, মৃত্যু ঘটাই এবং সকলের প্রত্যাবর্তন আমারই দিকে। — মুজিবুর রহমান Indeed, it is We who give life and cause death, and to Us is the destination — Sahih International

৪৩. আমরাই জীবন দান করি এবং আমরাই মৃত্যু ঘটাই, আর সকলের ফিরে আসা আমাদেরই দিকে।

তাফসীরে জাকারিয়া

(৪৩) আমিই জীবন দান করি, মৃত্যু ঘটাই[1] এবং সকলের প্রত্যাবর্তন আমারই দিকে। [2]

- [1] অর্থাৎ, দুনিয়াতে মৃত্যু দেওয়া এবং আখেরাতে আবার জীবিত করা, এসব আমারই কাজ। এতে আমার কোন অংশীদার নেই।
- [2] সেখানে আমি প্রত্যেককে তার আমল আনুযায়ী প্রতিদান দেব।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4673

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন